উপজেলা পরিষদ
কেন্দুয়া, নেত্রকোণা

:-নোটিশ-:

স্মারক নম্বর: ০৫.৪৫.৭২৪৭.০০০.০০.০০০.২৫-৫৪০ তারিখ: ২৬.১১.২০২২ খ্রি.

কেন্দুয়া উপজেলা পরিষদের নভেম্বর/২০২২ মাসের মাসিক সাধারণ সভা আগামী ২৮ নভেম্বর ২০২২ খ্রি: দুপুর ১২.০০ ঘটিকায় উপজেলা পরিষদ মিলনায়তনে অনুষ্ঠিত হবে।

উল্লেখ্য যে, সভা অনুষ্ঠানের অন্ততঃ ০৩ দিন পূর্বে কার্যপত্র এবং বিগত সভার সিদ্ধান্ত সমূহ (স্ব-স্ব অংশ) বাস্তবায়ন অগ্রগতির প্রতিবেদন নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে দাখিল করতে হবে।

উক্ত সভায় সম্মানিত সদস্যবৃন্দসহ সংশ্লিষ্টদেরকে যথাসময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

সভায় আলোচ্য সূচী:

০১। পূর্ববর্তী সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ।
০২। এডিপি ও বিভিন্ন উন্নয়নমূলক কাজের বিষয়ে আলোচনা।
০৩। বিভাগীয় আলোচনা।
০৪। আইসিটি ও জন্ম-মৃত্যু নিবন্ধন বিষয়ক আলোচনা।
০৫। গ্রাম আদালত বিষয়ক আলোচনা।
০৬। হাটবাজার সংক্রান্ত।
০৭। বিবিধ আলোচনা।

(কাবেরী জালাল)
উপজেলা নির্বাহী অফিসার
ও
মুখ্য নির্বাহী কর্মকর্তা
উপজেলা পরিষদ
কেন্দুয়া, নেত্রকোণা

স্মারক নম্বর: ০৫.৪৫.৭২৪৭.০০০.০০.০০০.২৫- তারিখ: ২৬.১১.২০২২ খ্রি.

বিতরণ কার্যার্থে:

........................................................ (সংশ্লিষ্ট সকল)
কেন্দুয়া, নেত্রকোণা।

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলোঃ

১। জেলা প্রশাসক, নেত্রকোণা।
২। অফিস কপি।

উপজেলা নির্বাহী অফিসার
ও
মুখ্য নির্বাহী কর্মকর্তা
উপজেলা পরিষদ

**উপজেলা পরিষদ, কেন্দুয়া, নেত্রকোণা এর নভেম্বর ২০২২ মাসের মাসিক সাধারণ সভার কার্যবিবরণীঃ**

সভাপতি ঃ জনাব মোঃ নুরুল ইসলাম, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কেন্দুয়া, নেত্রকোণা।
সভার স্থান ঃ উপজেলা পরিষদ মিলনায়তন।
সভার তারিখ ঃ ২৮ নভেম্বর ২০২২ খ্রি.

সময়ঃ বেলা ১২.০০ ঘটিকা

উপস্থিত সদস্যবৃন্দঃ পরিশিষ্ট: ক- দ্রষ্টব্য
অনুপস্থিত সদস্যবৃন্দঃ পরিশিষ্ট: খ- দ্রষ্টব্য

সভাপতি সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর মুখ্য নির্বাহী কর্মকর্তা, কেন্দুয়া, নেত্রকোণাকে সভা পরিচালনার জন্য অনুরোধ জানানো হয়।

বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয় এবং কোন সংশোধনী না থাকায় তা দৃঢ়ীকরণ করা হয়।

অতঃপর সভার আলোচ্যসূচী অনুসারে আলোচনা করা হয় ও নিম্নবর্ণিত সর্বসম্মতি সিদ্ধান্ত সমূহ গ্রহণ করা হয়।

| ক্র:নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ১. | উপজেলা পরিষদ | উপজেলা নির্বাহী অফিসার মহোদয় সভায় বলেন যে, উপজেলা পরিষদের অভ্যন্তরীণ রাস্তাগুলো খুবই খারাপ এবং অন্যান্য আনুষজিক কাজগুলো বাস্তবায়ন করা খুবই প্রয়োজন। | নীতিমালা অনুযায়ী কাজ বাস্তবায়নের জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ, উপজেলা নির্বাহী অফিসার, |
| ২. | উপজেলা প্রকৌশল (এলজিইডি বিভাগ) | উপজেলা প্রকৌশলী বলেন যে, উপজেলার বিভিন্ন উন্নয়নমূলক কর্মকান্ড স্বাভাবিক ভাবে চলমান রয়েছে। বিভিন্ন ইউনিয়নে কিছু রাস্তা জরুরী ভিত্তিতে মেরামত করা হচ্ছে। দপ্তরের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলমান রয়েছে আপাতত কোনো সমস্যা নেই। | নিয়মিত কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা প্রকৌশলী (এলজিইডি ) |
| ৩. | উপজেলা কৃষি বিভাগ | ০১.নিয়মিত কার্যক্রম: চলতি রবি মৌসুমে ২০৭৫০ হেক্টর জমিতে বোরো ধানের আবাদ হয়েছে যার মধ্যে হাইব্রিড ২৭৫০ হেক্টর, উফশী ১৭৯৬৫ হেক্টর এবং স্থানীয় ৩৫ হেক্টর। এছাড়া সবজি ৭৫০ হেক্টর জমিতে সবজি, ৪০০ হেক্টর জমিতে সরিষা, ৯৫ হেক্টর জমিতে গম, ৩১০ হেক্টর জমিতে আলুসহ বিভিন্ন রবি শস্য চাষ হয়েছে। বর্তমানে সার ও কীটনাশক মজুদ পরিস্থিতি স্বাভাবিক রাখতে মনিটরিং কার্যক্রম চলমান এবং কোন প্রকার সংকট নেই। এছাড়া সমন্বিত ব্যবস্থাপনার মাধ্যমে কৃষি যান্ত্রিকীকরণ প্রকল্পের আওতায় ভর্তুকী মূল্যে কৃষি যন্ত্রপাতি ক্রয়ে আগ্রহী কৃষকের নিকট হতে আগামী ১০.০৩.২২ তারিখ পর্যন্ত আবেদন সংগ্রহ কার্যক্রম চলমান।<br>০২. উন্নয়ন প্রকল্প সংক্রান্ত: অত্র উপজেলায় বিভিন্ন ফসরের আধুনিক জাত সম্প্রসারণের জন্য চলতি রবি মৌসুমে ব্রিধান ৫৮, ব্রিধান ৭৪, ব্রিধান ৮১, ব্রিধান ৮৪, ব্রিধঅন ৮৮, ব্রিধান ৮৯, ব্রিধান ৯৬ এবং বোরো হাইব্রিড ধান SL৮H, তেজ গোল্ড ও সুবর্ণ-৩ সহ অন্যান্য আধুনিক জাত চাষ করা হয়েছে। এছাড়া পরিবেশবান্ধব কৌশলের মাধ্যমে নিরাপদ সবজি উৎপাদনের জন্য সেক্স ফেরোমন ফাঁদ স্থাপন, মাটির স্বাস্থ্য সুরক্ষায় পরিবেশবান্ধব ভার্মি কম্পোস্ট ও ট্রাইকো কম্পোষ্ট সার উৎপাদন ব্যবহার ও কার্যক্রম সম্পন্ন হয়েছে। নিরাপদ ফসল উৎপাদনের লক্ষ্যে একটি মাঠ দিবস অনুষ্ঠান করা হয়েছে। এছাড়া সরিষা চাষ বৃদ্ধি লক্ষ্যে বিভিন্ন ব্লকে ৮টি মাঠ দিবস করা হয়েছে। ৬টি ইউনিয়নে সরাসরি কৃষকদের সেবা দানের জন্য ফিয়ার সেন্টার এবং প্রকল্পের সিআইজ সমিতি কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।<br>নতুন ভবনের প্রস্তাবনা: বর্তমান সরকার কৃষিকে যান্ত্রিকীকরণের লক্ষ্যে সমন্বিত ব্যবস্থাপনার মাধ্যমে কৃষি যান্ত্রিকীকরণ প্রকল্প-টি সারা বাংলাদেশের বিভিন্ন উপজেলায় কার্যক্রমে চলমান। উক্ত প্রকল্পের আওতায় ডিপিপি মোতাবেক উপজেলা পর্যায়ে কৃষি যন্ত্রপাতি ও উপকরণ সংরক্ষণাগার নির্মানের সংস্থান রয়েছে, যা অত্র প্রকল্পের কার্যক্রমগুলো সঠিকভাবে সংরক্ষণাগার নির্মানের সংস্থান রয়েছে, যা অত্র প্রকল্পের কার্যক্রমগুলো সঠিকভাবে বাস্তাবায়নে সহায়তা করবে। তাই কৃষি যন্ত্রপাতি ও উপকরণ সংরক্ষণাগার নির্মানের জন্য অত্র উপজেলা পরিষদ চত্বরে ১তলা বিশিষ্ট ভবন নির্মানের উপযোগী ১২০০ বর্গফুট আয়তনের জায়গা প্রদানে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্যে সভায় প্রস্তাব করেন। | নিয়মিত কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো।<br>জেলা পরিষদ অডিটরিয়ামের পূর্ব পার্শ্বে কৃষির যন্ত্রপাতি ও উপকরণ সংরক্ষনাগার নির্মাণের জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ, উপজেলা নির্বাহী অফিসার, কেন্দুয়া, উপজেলা কৃষি কর্মকর্তা |

| | সংস্থা বিভাগ | [illegible] | | কর্ম |
|---|---|---|---|---|
| ৫. | উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান যে, ইউনিয়নে স্বাস্থ্যকেন্দ্রের সংখ্যা ০৪ টি। 'কেন্দ্রগুলো হলো কান্দিউড়া, গড়াডোবা, গন্ডা, নওপাড়া ইউনিয়ন স্বাস্থ্য ও প.ক.কেন্দ্র। উপজেলায় মোট জনসংখ্যাঃ ৩,৩৮,৮৭২ এর মধ্যে পুরুষ- ১,৭৩,৮০৯ এবং মহিলা- ১,৬৬,৬০২ জন। উপজেলার আয়তন: ৩০৩.৭২, প্রতি বর্গ কি.মি জনসংখ্যার হার: ১০৯৮, উপজেলার মোট সক্ষম দম্পতি: ৫৯,৬২৮। খাবার বড়ি গ্রহণকারী ২৭,১৪৫ হার ৪৬.৪৯%। ইনজেকটেবলস গ্রহণকারী ৫,৯৯২ হার ১০.০৪%। কনডম গ্রহণকারী ২,১৩০ হার ৩.৫৯%। আই ইউ ডি গ্রহণকারী ১৬০৮ হার ২.৬৯%। ইম্প্লান্ট গ্রহণকারী ৩,৩২০ হার ৫.৫৬%। স্থায়ী পদ্ধতি গ্রহণকারী পুরুষ ২,৪৩৯ জন হার ৪.০৯%। মহিলা ৪৫৩২ জন হার ৭.৬০%। মোট ৪৭,১২৮। পরিবার পরিকল্পনা বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে বলে সভায় জানান। | নিয়মিত কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা |
| ৬. | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার সভায় জানান যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে। স্বাস্থ্যবিধি মেনে রুটিন মাফিক শিক্ষা কার্যক্রম চলমান আছে।শিক্ষা প্রতিষ্ঠান পরিষ্কার পরিচ্ছন্নতার ব্যাপারে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করা হয়েছে। | নিয়মিত কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা |
| ৭. | উপজেলা শিক্ষা অফিস | উপজেলা শিক্ষা অফিসার জানান , স্বাস্থ্যবিধি মেনে সকল সরকারি-প্রাথমিক বিদ্যালয়ে শ্রেণি পাঠদান কার্যক্রম চলমান রয়েছে । এছাড়া অত্র অফিসের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলমান আছে। | নিয়মিত কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা শিক্ষা কর্মকর্তা |
| ৮. | উপজেলা দুর্যোগ ব্যবস্থাপনা বিভাগ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান যে, দুর্যোগ ব্যবস্থাপনা শাখার কাজ স্বাভাবিকভাবেই চলমান রয়েছে। আপাতত কোনো সমস্যা নেই। | নিয়মিত কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, |
| ০৯. | উপজেলা সমাজসেবা অফিস | উপজেলা সমবায় কর্মকর্তা সভায় জানন যে, দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে আপাতত কোনো সমস্যা নাই মর্মে সভায় জানান। | নিয়মিত কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা সমাজসেব কর্মকর্তা ইউপি চেয়ারম্যান সকল |
| ১০. | উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ | উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর কেন্দুয়া সভায় জানান যে, ২০২০-২০২১ অর্থ বছরে কিছু কাজ এখনও সমাপ্ত হয়নি অল্প কিছু দিনের ভিতর শেষ হয়ে যাবে। বাকী কাজ স্বাভাবিক ভাবে চলমান রয়েছে। | দ্রুত কাজ সম্পন্ন করার ব্যবস্থা নিতে হবে। নিয়মিত কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর কেন্দুয়া চেয়ারম্যান সংশ্লিষ্ট ইউপি |
| ১১. | উপজেলা সমবায় অফিস | উপজেলা সমবায় কর্মকর্তা সভায় জানান যে, মোজাফরপুর আশ্রয়ন প্রকল্পটির অবস্থা খুবই নাজুক এবং বসবাসের অনুপযোগী মূলত সামগ্রিক বিবেচনায় ইহা পূর্ণ নির্মাণ সময়ের দাবী। | নিয়মিত কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো। প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা মোজাফরপুর আশ্রয়ন প্রকল্প সরেজমিনে পরিদর্শন করে মতামত প্রদান করার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা সমবায় কর্মকর্তা ও প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা |
| ১২. | আমার বাড়ি আমার খামার প্রকল্প | সমন্বয়কারী আমার বাড়ি আমার খামার প্রকল্প জানান যে, দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান। কিছু ঋণ খেলাপী হয়েছে। সেগুলো আদায়ের জন্য সকল ইউপি চেয়ারম্যানবৃন্দের সহযোগিতা কামনা করে। আপাতত কোনো সমস্যা নেই মর্মে জানান। | নিয়মিত কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো | উপজেলা সমন্বয়কারী, আমার বাড়ি আমার খামার প্রকল্প |
| ১৩. | উপজেলা যুব উন্নয়ন অফিস | যুব উন্নয়ন কর্মকর্তা জানান যে, তাঁর কার্যালয়ের ন্যাশানাল সার্ভিস কর্মসূচী (৮ম) পর্ব এর সুবিধাভোগীরেদ সংযুক্তি প্রদানের পর সংযুক্তি প্রাপ্ত দপ্তর গুলিতে সন্তোষ জনকভাবে কর্মসম্পাদন করিতেছে। তাছাড়া যুব অফিসের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক বলে জানান। | নিয়মিত কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা |

| | | | | |
|---|---|---|---|---|
| | উপজেলা মহিলা বিষয়ক অফিস | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা রহিমা আক্তার জানান ২০২১-২২ চক্রের ভিজিডি কর্মসূচীর আওতায় চলমান রয়েছে এবং অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলমান রয়েছে। | নিয়মিত কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা |
| ১৫. | আইসিটি ও জন্ম-মৃত্যু নিবন্ধন বিষয়ক | উপজেলা নির্বাহী অফিসার বলেন যে, প্রতিটি ইউনিয়ন পোর্টালে এখনো তথ্য আপলোড করা হয়নি যা সমীচীন নহে । তিনি প্রতিটি ইউনিয়ন ওয়েব পোর্টালে চেয়ারম্যান ও সদস্যদের তথ্যসহ নতুন তথ্য জরুরী ভিত্তিতে আপলোড করার কথা বলেন। পাশাপাশি প্রত্যেক দপ্তরের পোর্টালে তথ্য আপলোড করতে হবে। তাছাড়া তিনি বলেন যে, জন্ম নিবন্ধন যেন দ্বৈত না হয় সেদিকে লক্ষ্য রাখতে হবে । সঠিক তথ্যের ভিত্তিতে বর্তমান নীতিমালা অনুযায়ী শতভাগ জন্ম নিবন্ধন করতে হবে । জন্ম নিবন্ধনের ফি নির্ধারিত কোডে ট্রেজারী চালানের মাধ্যমে সোনালী ব্যাংকে জমা দিতে হবে। প্রতিটি ডিজিটাল সেন্টারের আয়-ব্যয় অনলাইনে আপলোডসহ রেজিষ্টারে সংরক্ষণ করতে হবে। | নিয়মিত কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো | উপজেলা নির্বাহী অফিসার, চেয়ারম্যান সকল ইউপি ও সচিব সকল ইউপি |
| ১৬. | চেয়ারম্যান উপজেলা পরিষদ | চেয়ারম্যান উপজেলা পরিষদ সভায় জানান যে, এডিপি এবং উন্নয়ন প্রকল্পের কার্যক্রম শুরু করতে হবে। সময় মতো প্রকল্প গ্রহণ করা না হলে তা সঠিক সময় শেষ করা যায় না। তাই দ্রুত প্রকল্প গ্রহণ কার্যক্রম দ্রুত শুরু করার জন্য সংশ্লিষ্ট সকলের দৃষ্টি আকর্ষণ করেন। | উপজেলা প্রকৌশলী প্রকল্প গ্রহণ কার্যক্রমের প্রয়োজনীয় ব্যবস্থা নিবেন। | উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা প্রকৌশলী |
| ১৭. | চেয়ারম্যান আশুজিয়া ইউপি | চেয়ারম্যান আশুজিয়া ইউপি সভায় বলেন যে, ইউনিয়নে বিভিন্ন উন্নয়ন কার্যক্রম স্বাভাবিক ভাবে চলমান রয়েছে। শতভাগ টিকা সম্পন্ন কার্যক্রম চলমান রয়েছে। আপাতত কোনো সমস্যা নেই। | নিয়মিত কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো | চেয়ারম্যান আশুজিয়া |
| ১৮. | চেয়ারম্যান মোজাফরপুর ইউপি | চেয়ারম্যান মোফাফরপুর ইউপি সভায় বলেন যে, ইউনিয়নের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলমান রয়েছে। কেন্দুয়া-নেত্রকোণা রাস্তার কাজ ধীরগতিতে চলমান রয়েছে। ফলে সাধারণ মানুষের অনেক দূর্ভোগ হচ্ছে। কাজ দ্রুত সম্পন্ন করার প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়ার প্রস্তাব করেন। | নীতিমালা অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা নিবেন। | চেয়ারম্যান মোজাফরপুর ইউপি |
| বিবিধ | | ০১. উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের অর্থায়নে, পরিষদের নিরাপত্তার স্বার্থে অফিস কমপ্লেক্স, বাসাবাড়ি, ডরমেটরি, পরিষদের অভ্যন্তরে বিভিন্ন অফিস প্রাঙ্গণে সিসি ক্যামেরা স্থাপন প্রকল্প কাজে ভ্যাট আইটি সহ চেক নং ৪০৮২০৬৪ তারিখ: ১৩.১০.২১ মূলে ৩,০০,০০০/-(তিন লক্ষ) টাকা জনাব দাউদ হোসেন, উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, কেন্দুয়াকে প্রদান করা হয়। | ০১ নং ক্রমিরেক খরচকৃত অর্থ উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের সংশ্লিষ্ট খাত হবে ক্রমেকে খরচকৃত অর্থ উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের অর্থায়ন/অপ্রত্যাশিত খাত হতে ব্যয়নির্বাহের সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ, উপজেলা নির্বাহী অফিসার |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-
(মো: নুরুল ইসলাম)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
কেন্দুয়া, নেত্রকোণা।

স্মারক নং ০৫.৩০.৭২৪৭.০০৯.০৬.০০২.২১-১০১৫ তারিখঃ ২৮ নভেম্বর ২০২২ খ্রি.

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

১। মাননীয় সংসদ সদস্য ১৫৯, নেত্রকোণা -৩, (কেন্দুয়া - আটপাড়া) নির্বাচনী এলাকা ।
২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা ।
৩। জেলা প্রশাসক, নেত্রকোণা ।

(কাবেরী জালাল)
উপজেলা নির্বাহী অফিসার
ও
মুখ্য নির্বাহী কর্মকর্তা
উপজেলা পরিষদ
কেন্দুয়া, নেত্রকোণা।

স্মারক নং ০৫.৩০.৭২৪৭.০০৯.০৬.০০২.২১-১০১৫ তারিখঃ ২৮ নভেম্বর ২০২২ খ্রি.

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কেন্দুয়া, নেত্রকোণা ।

২। ভাইস চেয়ারম্যান/ মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ/ মেয়র, কেন্দুয়া পৌরসভা, কেন্দুয়া, নেত্রকোণা ।

৩। উপজেলা ............................................ কর্মকর্তা, কেন্দুয়া, নেত্রকোণা ।

৪। চেয়ারম্যান .......................................... ইউনিয়ন পরিষদ (সকল), কেন্দুয়া, নেত্রকোণা।

৫। অফিস কপি।

উপজেলা নির্বাহী অফিসার
ও
মুখ্য নির্বাহী কর্মকর্তা
উপজেলা পরিষদ
কেন্দুয়া, নেত্রকোণা